



মধ্যপ্রাচ্যের যুদ্ধ নিয়ে উদ্বেগ জানালেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং



চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ অঞ্চলটির মানুষের জন্য গুরুতর ক্ষতি বয়ে এনেছে বলে মন্তব্য করেছেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। তিনি বলেন, এই সংঘাত আন্তর্জাতিক সম্প্রদায়ের অভিন্ন স্বার্থের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।

শনিবার (১২ সেপ্টেম্বর) ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত ব্রিকস সম্মেলনে দেওয়া বক্তব্যে তিনি এ কথা বলেন। চীনের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা সিনহুয়ার বরাতে এ তথ্য জানিয়েছে রয়টার্স।

শি জিনপিং বলেন, মধ্যপ্রাচ্য ও উপসাগরীয় অঞ্চলের পরিস্থিতি দ্রুত পরিবর্তিত হচ্ছে। চলমান যুদ্ধ সেখানকার মানুষের জন্য গুরুতর ক্ষতির কারণ হয়ে দাঁড়িয়েছে।

সম্মেলনে ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান, আবুধাবির ক্রাউন প্রিন্স শেখ খালেদ বিন মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ানসহ বিভিন্ন দেশের নেতারা অংশ নেন।

ইরান-যুক্তরাষ্ট্র উত্তেজনা ও আঞ্চলিক অস্থিরতার মধ্যে শি জিনপিংয়ের এ বক্তব্য এলো। সংঘাতের প্রভাব যখন আন্তর্জাতিক রাজনীতি ও জ্বালানি বাজারেও পড়ছে, তখন ব্রিকসের মধ্যে শান্তি প্রতিষ্ঠার ওপর গুরুত্ব দেন চীনা প্রেসিডেন্ট।